



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

www.pdbf.gov.bd

বাড়ি নং-৫, ৩ নং এভিনিউ, হাজী রোড, রূপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬



নম্বর: ৪৭.৬৬.০০০০.০০২.১৭.০০১.২১.২

১৪ এপ্রিল ২০২১

শোক বার্তা

অত্যন্ত দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর প্রধান কার্যালয়ের মানব সম্পদ ব্যবস্থাপনা শাখায় কর্মরত উর্ধ্বতন সহকারি পরিচালক জনাব মোঃ আমিনুল ইসলাম গত ১৩ এপ্রিল ২০২১ খ্রিঃ দিবাগত রাত ১১ টায় কোভিড আক্রান্ত হয়ে এম এইচ শমরিতা হাসপাতাল ও মেডিকেল কলেজ-এ চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। উল্লেখ্য, তিনি ইতোপূর্বে রাজধানীর মুগদা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তাঁর অবস্থার অবনতি হলে আইসিইউ-এর স্থান সংকুলান না হওয়ায় তাঁকে এম এইচ শমরিতা হাসপাতাল ও মেডিকেল কলেজ-এ স্থানান্তর করা হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৬ বছর। তিনি স্ত্রী, ২ কন্যা, ১ ছেলে সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গিয়েছেন। তাঁর মৃত্যুতে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর সকল কর্মকর্তা/কর্মচারীগণ গভীরভাবে শোকাহত।

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর পক্ষ থেকে মরহমের আত্মার মাগফিরাত কামনা করছি ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি।

পরম করুণাময় আল্লাহ্ তাঁকে জান্নাত নসিব করুন।

মুহম্মদ মউদুদউর রশীদ সফদার
ব্যবস্থাপনা পরিচালক